ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

9 JANUARY 2025 7:35 AM IST

==================================================================

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ থেকে এক দিনের সফরে মেঘালয় সফরে শিলং আসছেন । রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু আজ মেঘালয়ের উমিয়ামে আই সি এ আর কমপ্লেক্সে নর্থ ইষ্টান হিল রিজিওন-এর সুর্বণ জয়ন্তী অনুষ্ঠানে বক্তব্য রাখবেন ।

রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু আগামীকাল ওড়িষ্যা সফরে যাবেন

---

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রী শ্রী নাড্ডা গতকাল তেজপুরে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আঞ্চলিক মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানে একটি গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন । উত্তর-পুর্বাঞ্চলের এই মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানকে কেন্দ্রীয় সরকার আধুনীকিকরনের জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহন করেছে । নতুন এই গ্রন্থাগারে ৩৭ হাজার ৭শ ৬৬টি বই সহ ৫৩৫টি ই-বুক , জার্নেল , অনলাইন পত্রিকা চিকিৎসক ও বিজ্ঞানীদের জন্য উপলব্ধ থাকবে । এছাড়াও স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা গতকাল পরিচালন সমিতির বৈঠকে পৌরহিত্য করেন । গতকালের উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মাও উপস্থিত ছিলেন ।

এদিকে, স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা গতকাল মঙ্গলদৈ অসামরিক চিকিৎসালয়ে প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত স্বাস্থ্য পরিকাঠামো অভিযানের অধীনে ২৩ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মীয়মান ক্রিটিকেল কেয়ার হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এরপর তিনি গেরীমারীতে নির্মীয়মান আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয়ের নির্মাণকার্যও পরিদর্শন করেন । চাংসারি অভিমূখে যাত্রা করার পূর্বে শ্রী নাড্ডা মঙ্গলদৈর ১৫ নম্বর জাতীয় সড়কের চারলেনযুক্ত বাইপাস নির্মাণের অগ্রগতির খোঁজ নেন এবং সিপাঝার অসামরিক চিকিৎসালয়টিও পরিদর্শন করেন । বিকেলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী চাংসারির অখিল ভারতীয় আয়ুর্বিজ্ঞান প্রতিষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং প্রতিষ্ঠানের সঞ্চালক সহ উচ্চপদস্থ আধিকারিক এবং চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।

---

কেন্দ্রীয় পার্বত্য পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে গতকাল মিজোরামের মামিত জেলার সদর শহরে গিয়ে সেখানকার জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করেন । তিনি এই জেলার উন্নয়ন ও কল্যাণমূলক বিভিন্ন প্রকল্পের রূপায়ণের বিষয়ে আলোচনার জন্য আয়োজন করা এক বৈঠকে পৌরহিত্য করেন । উল্লেখ্য- মামিত একটি অভিলাষী জেলা । শ্রী উইকে তাঁর বক্তব্যে বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার গ্রামীণ পার্বত্য অঞ্চলের উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে । মন্ত্রী শ্রী উইকে তিনদিনের মিজোরাম সফরে গত মঙ্গলবার আইজল এসেছেন ।

ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লাখনিতে আবদ্ধ শ্রমিকদের মধ্যে একজনের মৃতদেহ  উদ্ধার করা হয়েছে । মৃত শ্রমিক নেপালের উদয়পুর জেলার গংগা বাহাদুর শ্রেষ্ঠ বলে শণাক্ত করা হয়েছে । নৌসেনার ২১ জন ডুবুরী ,সেনাবাহিনী , এস ডি আর এফ ,এন ডি আর এফ ,অগ্নি নির্বাপক বাহিনী এবং স্থানীয় পুলিশ বাকী কয়েকজন শ্রমিককে উদ্ধারের জন্য প্রতিকূল আবহাওয়াকে উপেক্ষা করে অভিযান অব্যাহত রেখেছে । খনির ভেতর থেকে নির্গত জল নিষ্কাশনের জন্য বেশকয়েকটি শক্তিশালী পাম্প ব্যাবহার করা হলেও জল এখনও সম্পূর্ণভাবে বের করা সম্ভব হয় নি । নৌসেনা আবদ্ধ শ্রমিকদের বের করার জন্য জলের নীচে চলাচল করা অত্যাধুনিক বিশেষ বাহন ব্যাবহার করছে । উদ্ধারকারী দলগুলি অভিযানের গুরুত্বের প্রতি লক্ষ্য রেখে রাতের বেলাও উদ্ধারকার্য অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছে ।

---

হাইলাকান্দি জেলার ৭৭ হাজার শিক্ষার্থী এবারের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে অংশগ্রহনের জন্য নাম নিবন্ধন প্রক্রিয়ায় যুক্ত হয়েছেন । হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে এই উদ্যোগকে সফল করতে সর্বাত্মক প্রচেষ্ঠা অব্যাহত রয়েছে ।

---

শ্রীভূমি সহ রাজ্যের এগারোটি জেলার শিক্ষার গুনগত মান উন্নত করার উদ্দেশ্যে শিক্ষা বিভাগের আয়োজন করা চলতি বছরের গুণোৎসবের প্রথম পর্যায়ের আজ শেষ দিন । শিক্ষামন্ত্রী তথা শিবসাগর জেলার অভিভাবক মন্ত্রী ডা:রণোজ পেগু গতকাল জেলার বেশকয়েকটি বিদ্যালয় পরিদর্শন করে গুণোৎসবের মূল্যায়ন করেন । পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী গুণোৎসবে ভালো ফল না করলে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলিকে  পুনরায় গুণোৎসব অবতীর্ণ হতে হবে বলে ঘোষনা করেন । সেইসঙ্গে তিনি  শিক্ষা ও আনুসঙ্গিক

ক্ষেত্রগুলিতে ভালো ফল না করা ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত পাঠদান করতে শিক্ষক শিক্ষিকাদের নির্দেশ দেন ।

একইভাবে বরপেটা জেলায়ও জেলার অভিভাবক মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী বহিঃমূল্যায়ক হিসেবে গুণোৎসবের কার্যসূচীতে উপস্থিত ছিলেন । শ্রী পাটোয়ারী গুণোৎসব রাজ্যের শিক্ষা ব্যাবস্থায় ইতিবাচক প্রভাব ফেলেছে বলে মন্তব্য করেন । শিক্ষা ব্যাবস্থার দূর্বলতাগুলি গুণোৎসবের মাধ্যমে শণাক্ত করে এগুলি দূর করার ব্যাবস্থা করা হয়েছে বলেও মন্ত্রী শ্রী পাটোয়ারী জানান ।